



Embassy of Bangladesh
to the Kingdom of Belgium, the Grand Duchy of Luxembourg &
Mission to the European Union

নং-বিইবি/কঙ্গ-৩৪/২০১০

০৪ জুলাই ২০১৩

নোটিশ

বিষয়: ব্রাসেলস্ বাংলাদেশ দূতাবাসে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) এবং মেশিন রিডেবল ভিসা (MRV) চালু প্রসঙ্গে

বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস্, বেলজিয়াম গত ৩ জুলাই ২০১৩ ইং হতে মেশিন রিডেবল পাসপোর্ট এবং মেশিন রিডেবল ভিসা কার্যক্রম শুরু করেছে। এর পরিপ্রেক্ষিতে সরকারি বিধি মোতাবেক অত্র দূতাবাস হতে হস্তলিখিত কোন পাসপোর্ট ইস্যু করা হবেনা। প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ যারা মেশিন রিডেবল পাসপোর্ট গ্রহণে ইচ্ছুক তাদের অত্র দূতাবাসে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নিম্নে আবেদন প্রক্রিয়ার ব্যাপারে সংক্ষেপে আলোচনা করা হলো:

(১) যাদের ৫ (পাঁচ)/১০ (দশ) বছর অতিক্রান্ত পাসপোর্ট রয়েছে, তাদের একটি (১) ফরম ও অন্যান্যদের ক্ষেত্রে নতুন পাসপোর্টের জন্য ২ কপি পূরণকৃত পাসপোর্ট ফরম দাখিল করতে হবে। ফরম অত্র দূতাবাস হতে সংগ্রহ করা যাবে অথবা <http://www.dip.gov.bd/> ওয়েব সাইট হতে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ২ কপি (৫৫ মি:মি X ৪৫ মি:মি) এর ছবি জমা দিতে হবে।

(২) আবেদনের জন্য প্রার্থীদের অবশ্যই বাংলাদেশী জাতীয় পরিচয় পত্র অথবা বাংলাদেশের সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ/ইউনিয়ন হতে ইস্যুকৃত ১৭ ডিজিট সম্বলিত জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে। যদি এ দু'টির কোনটিই আবেদনকারীর নিকট না থাকে, তবে আবেদনকারী তার বর্তমান বাংলাদেশ পাসপোর্ট এর মাধ্যমে অত্র দূতাবাসে অন্ত:বর্তীকালীন জন্ম নিবন্ধন সনদের জন্য আবেদন করতে পারবেন। উল্লেখ্য, দূতাবাস হতে ইস্যুকৃত এই সনদ কেবল মেশিন রিডেবল পাসপোর্ট আবেদনের জন্য ব্যবহৃত হবে।

(৩) শিক্ষাগত বা চাকুরীসূত্রে প্রাপ্ত পদবীসমূহ (যেমন ডাক্তার, ইঞ্জিনিয়ার, ডক্টর, পিএইচডি ইত্যাদি) নামের অংশ হিসাবে পরিগণিত হবে না।

(৪) মেশিন রিডেবল পাসপোর্টের জন্য আবেদন ফি ১০০ (একশত) ইউরো এবং দূতাবাস হতে ইস্যুকৃত অন্ত:বর্তীকালীন জন্ম নিবন্ধন সনদ এর ফি ১০ (দশ) ইউরো ধার্য করা হয়েছে।

(৫) বিশেষভাবে উল্লেখ্য যে, আবেদনপত্র দাখিল, প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, তদন্ত প্রক্রিয়া এবং সর্বোপরি কেন্দ্রীয় ভাবে ঢাকা হতে পাসপোর্ট প্রিন্ট এবং দূতাবাসে প্রেরণ একটি সময় সাপেক্ষ প্রক্রিয়া বিধায় পাসপোর্ট প্রদানে অন্তত: ৩০ (ত্রিশ) বা ততোধিক কার্যদিবস সময় লাগতে পারে।

(৬) কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে আগ্রহী আবেদনকারীদের ব্যক্তিগতভাবে আবেদন পত্র জমা, ছবি উত্তোলন, ফিঙ্গার প্রিন্ট প্রদান এবং অন্যান্য প্রক্রিয়া সম্পাদনে পূর্ব হতে সাক্ষাতের সময় নির্দিষ্ট (fixed appointment) করে নেওয়ার জন্য অত্র মিশনের কন্সুলার শাখায় যোগাযোগ করতে অনুরোধ জানানো হচ্ছে।

Kazi Ensanul Hossain
04/7/13

কাজী এহসানুল হক

প্রথম সচিব